



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

## প্রেস রিলিজ

### বঙ্গবন্ধুর পলাতক খুনীদের প্রত্যেকের শাস্তি নিশ্চিতকরণ ও তাদের কুশীলবদের বিচারের আওতায় আনার আহবান বিবি উপাচার্যের

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ আগস্ট ২০২০।

স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর পলাতক খুনীদের প্রত্যেকের শাস্তি নিশ্চিতকরণ ও তাদের কুশীলবদের বিচারের আওতায় আনার আহবান জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের পর এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় এ আহবান জানান। এসময় উপাচার্য মহোদয় বলেন, জাতির পিতাকে হারানোর এ শোক অপূরণীয়, কিন্তু আমাদেরকে থেমে থাকলে চলবেনা। জাতির পিতার স্বপ্নকে বাস্তবে রূপান্তরিত করতে হলে আমাদের সকলকে সততা ও নিষ্ঠার সহিত কাজ করে যেতে হবে। আর তাহলেই গড়ে উঠবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ। উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের যেসকল সদস্য ১৫ আগস্টে শাহাদাৎ বরণ করেছেন তাঁদের সকলের রুহের মাগফিরাত কমনা করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় বঙ্গবন্ধুকে স্মরণ করেছে বরিশাল বিশ্ববিদ্যালয়। এদিন সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা এবং কালো পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন করা হয়। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে স্থাপিত ঐতিহাসিক ৬ দফার ইতিহাস সম্বলিত বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এসময় উপস্থিত সকলে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল, শেরে বাংলা হল প্রশাসন এবং ববিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। সকাল ১০.৩০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নেন উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা। জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে প্রত্যুষ থেকেই পবিত্র কুরআন খতম এর আয়োজন করা হয় এবং সকাল ১১ টায় মন্দিরে বিশেষ প্রার্থনা সভাও অনুষ্ঠিত হয়। এছাড়া সকাল ১১.৩০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন ওয়েবিনার আয়োজন করে। উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যুক্ত হন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, বাংলাদেশ আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য এবং শিক্ষা ও মানবসম্পদ উপ-কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. আবদুল খালেক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস